



# জয়িতা ফাউন্ডেশন

## JOYEETA FOUNDATION



(A sister concern of the Ministry of Women & Children Affairs to support and promote women in business initiatives)

স্মারক নং: জঃ ফাঃ/ সঃ বিঃ প্রঃ/প্রশাসন/০১/২০১৯-৩২

তারিখ: ০৬/০৫/২০১৯ খ্রিঃ

### আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি


মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন 'জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ' প্রকল্পে নিম্নবর্ণিত পদসমূহে আউটসোর্সিং পদ্ধতিতে জুলাই, ২০১৯ হতে জুন, ২০২০ পর্যন্ত মেয়াদে সাকুল্য বেতনে দক্ষ ও অভিজ্ঞ জনবল সরবরাহের লক্ষ্যে অর্থ বিভাগ হতে জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসরণে সরকার অনুমোদিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত বিবরণ ও শর্ত অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নম্বর	পদের নাম ও গ্রেড	পদ সংখ্যা	০১/০৭/২০১৯ তারিখে বয়স।	জাতীয় বেং ক্লেঃ ২০১৫ অনুসারে সেবামূল্য	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	একাউন্ট্যান্ট (গ্রেড-১৪)	০১	১৮ - ৩৫ বছর	১৮,৩০০/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	হিসাব বিজ্ঞানে ন্যূনতম স্নাতক ডিগ্রি ও কম্পিউটার চালনায় দক্ষ।	সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকারী প্রকল্প বা কর্মসূচিতে একাউন্ট্যান্ট পদে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২	প্রকিউরমেন্ট এসিস্ট্যান্ট (গ্রেড-১৪)	০১	১৮ - ৩৫ বছর	১৮,৩০০/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম স্নাতক ডিগ্রি	সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠানে প্রকিউরমেন্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৩	পিএ টু প্রজেক্ট ডিরেক্টর (গ্রেড-১৪)	০১	১৮ - ৩৫ বছর	১৮,৩০০/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম স্নাতক ডিগ্রি	সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠানে প্রজেক্ট ডিরেক্টর বা অন্য কোন উর্ধ্বতন কর্মকর্তার পিএ হিসাবে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৪	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬)	০২	১৮ - ৩৫ বছর	১৭,০৪৫/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম স্নাতক ডিগ্রি ও কম্পিউটার চালনায় দক্ষ।	সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ মাসের কম্পিউটার প্রশিক্ষণের অভিজ্ঞতা, ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে কাজে পারদর্শীতা এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতা থাকতে হবে।
৫	গাড়ি চালক (গ্রেড-১৬)	০১	১৮ - ৩৫ বছর	১৭,০৪৫/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম এসএসসি	বিআরটিএ হতে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সরকারী/ আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকারী প্রকল্প বা কর্মসূচিতে হালকা/ভারী যানবাহন চালনায় ন্যূনতম ২ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
৬	অফিস সহায়ক (গ্রেড-২০)	০৪	১৮ - ৪৫ বছর	১৫,৫০০/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম এসএসসি	কোন স্বীকৃত প্রতিষ্ঠানে অফিস সহায়ক হিসাবে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৭	ম্যাসেঞ্জার (গ্রেড-২০)	০১	১৮ - ৪৫ বছর	১৫,৫০০/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম অষ্টম শ্রেণি	কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ম্যাসেঞ্জার হিসাবে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৮	ক্লিনার (গ্রেড-২০)	০১	১৮ - ৪৫ বছর	১৫,৫০০/- এবং বিধি অনুযায়ী বছরে ২টি উৎসব বোনাস ও ১টি নববর্ষ ভাতা	ন্যূনতম অষ্টম শ্রেণি	কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ক্লিনার হিসাবে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

*(Signature)*

শর্তাবলী:

১. আগ্রহী জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ০৫/০৬/২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের প্রকল্প কার্যালয় (রাপা প্লাজা ৫ম তলা, বাড়ি নং ১, রোড নং ১৬ নতুন ধানমন্ডি, ঢাকা-১২০৯) হতে দরদাতার যোগ্যতা ও শর্তাবলী সম্বলিত সিডিউল সংগ্রহ করতে পারবেন। অফেরৎযোগ্য সিডিউলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা।
২. আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে হাল-নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, হাল-নাগাদ আয়কর পরিশোধের প্রমাণক এবং জনবল সরবরাহের লাইসেন্স, সমপ্রকৃতির জনবল সরবরাহে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সনদপত্র, সরকার অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে আর্থিক সচ্ছলতা সনদ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে সীলগালা অবস্থায় জামানতসহ দরপত্র প্রকল্প পরিচালক, 'জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ' প্রকল্প এর কক্ষে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৩. ১২টি পদের এক বছরের সর্বমোট সেবা মূল্যের ২.৫% হারে টাকায় পে-অর্ডার প্রকল্প পরিচালকের অনুকূলে জামানত হিসাবে প্রদান করতে হবে যা ফেরৎযোগ্য।
৪. পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ০৫/০৬/২০১৯ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কক্ষে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করা যাবে। ঐ দিন বেলা ৩.০০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্রসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন কারণে ঐ দিন দরপত্র খোলা সম্ভব না হলে তার পরবর্তী কার্যদিবসে খোলা হবে।
৫. কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
৬. দরপত্র সংক্রান্ত অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে।



মোঃ আব্দুর রউফ

প্রকল্প পরিচালক (অতিঃ সচিব)

জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প

ফোন: ০১৫৫২-৪২৫৭৬০